বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205.
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪১ তারিখ: ০১/০৬/২০২৫ খ্রি:

# দপ্তরাদেশ

"চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার বাঁশবাড়িয়া ফেরিঘাট এবং বাঁশবাড়িয়া ফেরিঘাট হতে কুমিরা ঘাট পর্যন্ত উপকূলীয় বাঁধের শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের ওপর পানি সম্পদ মন্ত্রণালয়ের নং-৪২.০০.০০০০.০০০.০৪৩.১৪.০০০৫.২৫.৮২ তারিখ: ২৬/০৫/২০২৫ খ্রি: এর যাচাই সভার কার্যবিবরণী মোতাবেক পুনর্গঠিত ডিপিপি প্রণয়ন করার জন্য বহিঃসদস্যসহ নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), চট্টগ্রাম পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম। | সদস্য |
| ৪। | জনাব এ, কে, এম, সাইফুদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৭। | জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী (পুর), চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপন তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার প্রস্তাবিত প্রকল্পের বিবিধ বিষয়াবলী যাচায়ান্তে প্রকল্পের আওতায় বাঁধ শক্তিশালীকরণসহ অন্যান্য খাতে কাজের পরিমাণ, বাঁধের পরিমান, উচ্চতা ও ব্যয় ইত্যাদি সম্পর্কে বিস্তারিত মতামত প্রদানসহ বাঁশবাড়িয়া ফেরিঘাট, সংলগ্ন এপ্রোচ রোড, উপকূলীয় বাঁধের উচ্চতা নির্ধারণ এবং বাঁধ সুরক্ষার্থে দীর্ঘ, মধ্য ও স্বল্প মেয়াদি প্রস্তাবের বিষয়ে বাপাউবো হতে জারিকৃত উপযুক্ত বিভিন্ন নির্দেশনা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ বাঁধ সুরক্ষার্থে প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন করবেন এবং ব্যয় প্রাক্কলন ও অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং- চীফ প্লানিং/১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রি. মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করবেন।

৪। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

02/06/2025 খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪১ তারিখ: ০১/০৬/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।

২। পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা এর একজন প্রতিনিধি।

৩। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), চট্টগ্রাম পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।

৬। জনাব এ, কে, এম, সাইফুদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।

৭। জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।

৮। নির্বাহী প্রকৌশলী (পুর), চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। ইমেইল: xen.ctg2@gmail.com

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

৭। অফিস কপি।

০১/০৬/২০২৫ খ্রি.

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)

ডায়েরী নং ৭৪০
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহায়ক-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখ ৩/৬/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

০৩/০৬/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

\\192.168.45.62\d\Forwarding_Notesheet_Office Order\Committee_Office Order_2025.docx